

যুগান্তর

উচ্চশিক্ষা নিতে ছুটিতে যাচ্ছেন ১২৪ চিকিৎসক

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৯ অক্টোবর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ

যুগান্তর

দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত ১২৪ জন চিকিৎসককে উচ্চশিক্ষা গ্রহণের জন্য বিভিন্ন মেয়াদে প্রেষণ (শিক্ষা ছুটি) মঞ্জুরের আদেশ দিয়েছে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়। মঙ্গলবার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা-১ শাখার উপসচিব মাহবুবা বিলকিস স্বাক্ষরিত পৃথক ছয়টি প্রজ্ঞাপনে এসব তথ্য জানানো হয়।

এতে বলা হয়, প্রজ্ঞাপনে উল্লিখিত চিকিৎসকদের নামের পাশে বর্ণিত কোর্স ও মেয়াদে অধ্যয়নের জন্য প্রেষণ মঞ্জুর করা হলো। প্রেষণকালীন চিকিৎসক কর্মকর্তারা স্বাস্থ্য অধিদপ্তরে ওএসডি হিসাবে মূল কর্মস্থানের বেতন-ভাতাদি গ্রহণ করবেন। আবেদনকারীদের আবেদনে উল্লিখিত কোনো তথ্য ‘দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা ও প্রশিক্ষণ সম্পর্কিত সংশোধিত প্রেষণ নীতিমালা-২০২২ অনুযায়ী ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রেষণাদেশ বাতিল করা হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

